Department of Education
Chancellor Meisha Porter

1 ডিসেম্বর, 2021

প্রিয় পরিবারবর্গ,

মার্চ মাস থেকে, আমি নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশনের (NYCDOE) চমৎকার স্কুলসমূহ, শিক্ষাবিদ, কমিউনিটি, পরিবার এবং সবচেয়ে গুরুত্বপূর্ণ আপনাদের সন্তানদেরকে চ্যান্সেলর হিসেবে পরিষেবা প্রদান করতে পেরে আমার জীবনে একটি সম্মানিত অভিজ্ঞতা লাভ করেছি। আজ, আমি একই সাথে দুঃখ এবং আনন্দের একটি সংবাদ আপনাদের জানাচ্ছি যে, এই ক্যালেন্ডার বছরের শেষে চ্যান্সেলর হিসেবে আমার পদ থেকে আমি সরে যাচ্ছি।

আপনাদের কাছে আমার সবচেয়ে বড় বার্তাটি হলো কৃতজ্ঞতা জ্ঞাপন করা - গত কয়েক মাস ধরে আমাদের স্কুলগুলির প্রতি আপনাদের আস্থা, ধৈর্য্য, উদারতা, এবং প্রতিশ্রুতির জন্য আপনাদের সকলকে ধন্যবাদ। আপনাদের সাথে অংশীদারত্বে, আমরা শিক্ষার্থীদেরকে স্কুলে ফিরিয়ে আনতে প্রচুর কাজ একসাথে করেছি যা অন্য সময়ের মতো নয় - এই বছরটি ছিলো শিক্ষার্থীদেরকে বাড়ি ফিরিয়ে আনার মতো।

নিজে একজন স্কুল-বয়সী শিক্ষার্থীর মা হিসেবে, আমি জানি সশরীরে পুরোপুরি স্কুলে উপস্থিতিতিতে ফিরিয়ে আনার বিষয়টি ছিলো - আনন্দজনক এবং চ্যালেঞ্জপূর্ণ, উভয়টি। জীবনে একবারই এমন একটি বিশ্বমারী থেকে বের হয়ে আসার ব্যাপারটি, যখন আমাদের শিক্ষার্থীদের প্রচণ্ড অ্যাকাডেমিক এবং মানসিক যত্নের প্রয়েজন ছিলো, তখন আমাদের শিক্ষার্থীদের প্রাপ্য সহায়তা প্রদান করা আমাদের সবার দায়। আমরা যে অসম্ভবকে সম্ভব করতে পেরেছি, এবং প্রতিটি স্কুলে নিরাপদে সশরীরে শিক্ষণ পুনরায় চালু করে আমাদের সন্তানদেরকে তাদের প্রয়োজনীয় সহায়তাদান এবং তাদের প্রতি খেয়াল রাখা নিশ্চিত করে জাতিকে নেতৃত্ব দিতে পেরেছি, সেজন্যে আমি উদ্বেলিত।

সকল শিক্ষার্থীকে সহায়তাদানে যে কঠোর পরিশ্রম করতে হয়েছে সেটি কোন একজন ব্যক্তি অথবা নেতৃত্বদানকারীর চেষ্টার অনেক উর্দ্ধে। কিছু অগ্রাধিকার এবং প্রচেষ্টা অব্যাহত থাকবে বলে আমি জানি, তার মধ্যে আছে:

1. **নিরাপদ এবং স্বাস্থ্যকর স্কুল পরিবেশ বজায় রাখা:** নিউ ইয়র্ক সিটি জাতিকে নেতৃত্ব দান করছে, 100% ভ্যাকসিনেটেড শিক্ষা কর্মী এবং পরিবার যারা দ্রুত তাদের 5 বছর বা বেশি বয়সের সন্তানদেরকে ভ্যাকসিন গ্রহণের সুযোগ নিচ্ছে, উভয়টির মাধ্যমে। শুধু গত কয়েক সপ্তাহে, আমাদের স্কুলগুলি 43,000 অধিক শিক্ষার্থীকে COVID-19 প্রতিরোধক ভ্যাকসিন নিতে সহায়তা করেছে। আপনি যদি ইতোমধ্যে আপনার সন্তানকে ভ্যাকসিন না দিয়ে থাকেন, তবুও এখনও দেরি হয়ে যায়নি। আপনার কাছাকাছি কোন স্থান খুঁজে নিতে এবং অ্যাপয়েন্টমেন্ট করতে হলে schools.nyc.gov/coronavirus সাইট দেখুন।

   সশরীরে শিক্ষার্থী শিক্ষণকে অগ্রাধিকার দিয়ে আমরা নিউ ইয়র্ক সিটিতে যে সিদ্ধান্ত গ্রহণ করেছি তাতে আমরা গর্বিত, এবং আমাদের শিক্ষার্থীদের জন্য এটিকে বাস্তব রূপ দিতে গিয়ে আমাদের পিতামাতা এবং শিক্ষাবিদগণের আস্থা এবং অংশীদারত্ব

অর্জন করতে পেরে আমি ভীষণ কৃতজ্ঞ। আপনার সক্রিয় অংশগ্রহণ ছাড়া অগ্রগতি সম্ভব নয়; একটি স্বাস্থ্যকর স্কুল পরিবেশ বজায় রাখতে আপনার সন্তানকে ভ্যাকসিন প্রদান আমাদের ক্ষমতার মূল বিষয়।

যে পদক্ষেপগুলি আমরা নিয়েছি যেমন ভ্যাকসিনের হার বৃদ্ধি, সবার জন্য নাক-মুখের আবরণ (মাস্ক) ব্যবহার, প্রতিদিনের স্বাস্থ্য যাচাই এবং প্রতি সপ্তাহে শিক্ষার্থীদের এলোপাতারি পরীক্ষা - এসবের মাধ্যমে, আমরা স্কুলের ভিতর পজিটিভ কেসের হার অত্যন্ত নিচে যেমন 0.24% এবং শিক্ষণে ব্যাঘাত নিম্ন পর্যায়ে রাখতে সক্ষম হয়েছি। আপনার সন্তানের জন্য স্কুলসমূহ খোলা রাখতে এইসব পদক্ষেপ সম্পর্কে আমরা সতর্ক থাকা অব্যাহত রাখবো। আমাদের স্কুলে COVID-19 স্বাস্থ্য ও সুরক্ষা জনিত নিয়ম-নীতি, টেস্টিং,এবং ভ্যাকসিনের হালনাগাদ তথ্য, এবং আরও অন্য বিষয়ের সর্বশেষ তথ্যের জন্য আমি আপনাকে schools.nyc.gov/coronavirus সাইট দেখতে উৎসাহ প্রদান করছি।

2. **আপনার সন্তানের শিক্ষা সংক্রান্ত চাহিদার সাথে পরিচিত হোন:** আমরা যখন এই বছরটি শুরু করেছিলাম, তখন আমাদের শিক্ষার্থীদের অ্যাকাডেমিক এবং মানসিক অবস্থান কোথায় ছিল সেটি জানা আমাদের জন্য জরুরি ছিলো, যাতে আমরা তাদেরকে নিজেদের চাহিদা পূরণে লক্ষ্য-স্থিরকৃত রিসোর্স প্রদান করতে পারি। এটি করতে, আমাদের শিক্ষকগণ এই বছরে আমাদের সকল স্কুলব্যাপী নতুন অ্যাকাডেমিক এবং সামাজিক ও মানসিক 'পরখ' ব্যবস্থা ব্যবহার শুরু করেছেন। এই ব্যবস্থাগুলি স্কুল বছরের নির্দিষ্ট কোন অবস্থানে শিক্ষার্থীদের শক্তিশালী দিকগুলি এবং তাদের চাহিদা সম্পর্কিত একটি ধারণা লাভে শিক্ষকদেরকে নিম্ন-ঝুঁকির সুযোগ প্রদান করে, যাতে আমরা তাদেরকে তাদের শিক্ষণ সহায়তায় এবং উন্নতি লাভে সঠিক রিসোর্স অথবা কোন নির্ধারিত হস্তক্ষেপের সাথে সংযুক্ত করতে পারি। এইসব ব্যবস্থা সম্পর্কে আরও জানতে এবং আমাদের শিক্ষার্থীদের চাহিদা কী সেটি বুঝতে এবং সেগুলি প্রদানে সহায়তা দিতে এই ফলাফলগুলি নিয়ে আপনার স্কুল এবং শিক্ষকদের সাথে একযোগে কাজ করতে, আমরা আপনাকে উৎসাহিত করি।

3. **শিক্ষার্থীদের জন্য নতুন সহায়তা এবং সহায়সঙ্গতির জন্য বিনিয়োগ:** আমরা জুলাইতে শেয়ার করেছি যে, এই বছর আমরা আমেরিকান রেসকিউ প্ল্যান থেকে শত শত মিলিয়ন ডলার নতুন রিসোর্স এবং বাড়তি কর্মীর জন্য বিনিয়োগ করবো - এর মধ্যে থাকবে সোশ্যাল ওয়ার্কার, লিটারেসি টিচার এবং কোচগণ - যাতে NYCDOE স্কুলসমূহের সকল শিক্ষার্থী সাফল্য লাভে যেসব সামগ্রী প্রয়োজন সেসব সামগ্রী এবং সহায়তা পায়।

আমাদের অভিনিবেশের ক্ষেত্রগুলি হবে: গত বছরের ক্ষতি সারিয়ে তুলতে শিক্ষার্থীদেরকে সহায়তাদানে নতুন সামাজিক এবং মানসিক বিনিয়োগ, আপনার সন্তানের সাক্ষরতা দক্ষতাকে অগ্রাধিকার প্রদানের জন্য বিদ্যায়তনিক বিনিয়োগ, প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদের জন্য লভ্য আরও অধিক স্পেশাল এডুকেশন, কলেজ এবং পেশাজীবনের জন্য হাই স্কুল শিক্ষার্থীদের সহায়তা প্রদান, এবং সকল শিক্ষার্থী যাতে কঠোর উপকরণ শেখে যাতে আমাদের স্কুলগুলির নতুন মোজাইক পাঠ্যক্রমে তাদের সময়ে তারা কে, সেটি প্রতিফলিত হয়। এখান থেকে আরও জানুন: schools.nyc.gov/about-us/funding/

NYC Department of Education
Chancellor Meisha Porter

সবশেষে, আমি আপনাদের সন্তান এবং আমাদের স্কুলগুলির জন্য আপনারা যা করে থাকেন তার জন্য আবার শুধু আপনাদের সকলকে ধন্যবাদ জানাতে জানাতে চাই। ইতিহাসে এই সময়টিকে আমরা একটি সঙ্কটকাল বলে চিহ্নিত করার পাশাপাশি গুরুত্বপূর্ণ এবং উদ্ভাবনী পরিবর্তন আনতে, যা আমাদের শিক্ষার্থীদের চাহিদা আরও ভালোভাবে পূরণ করে, আমরা আমাদের পরিবার এবং সহকর্মীগণ যাতে স্বাভাবিক বোধশক্তিতে ফিরে আসতে পারেন, সেজন্যে প্রতিদিন কঠোর পরিশ্রম করেছি। আমরা আপনার অংশীদারত্ব ছাড়া এটি করতে পারতাম না, এবং আমি দারুণ কৃতজ্ঞ যে আপনারা DOE এবং আমার উপর আস্থা রেখেছেন।

আপনার অংশীদারত্বেই আমাদের শিক্ষার্থীদেরকে সুরক্ষিত এবং সুস্থ-সবল রাখা, আগের চেয়ে আরও ভালোভাবে তাদের শিক্ষা চাহিদা বুঝতে পারা, এবং তাদের বিশাল সম্ভবনার বিকাশে আরও শক্তিশালী এবং টেকসই সরঞ্জাম প্রদান সম্ভব হয়েছে। আমরা দেড় বছরের যে কঠোর সহিষ্ণুতা দেখিয়েছি, তা সত্ত্বেও আমি বিশ্বাস করি আমাদের এই সাম্প্রতিক অভিজ্ঞতা থেকে অনেক কিছু শেখার এবং আমাদের শিক্ষার্থীদের জন্য আমরা একটি উজ্জ্বল ভবিষ্যতের দিকে অগ্রসর হবার সুযোগ পেয়েছি। আমি জানি পরবর্তী প্রশাসন এই প্রতিশ্রুতি ধারণ করবে, এবং আমি পরবর্তী চ্যান্সেলরের সাথে ঘনিষ্ঠভাবে কাজ করবো যাতে একটি ইতিবাচক, আন্তরিক, এবং এই বছর এবং পরবর্তিতে সকল শিক্ষার্থীর জন্য ফলপ্রসু অভিজ্ঞতা নিশ্চিত করা যায়।

অংশীদারিত্বে,

মিশা পোর্টার (Meisha Porter)
নিউ ইয়র্ক সিটি স্কুলস চ্যান্সেলর